একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন, ১,কাওরান বাজার
ঢাকা।

## বিজ্ঞপ্তি

স্মারক নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৩৪.২৫ -৩০৬১

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ আগামী ২৯ সেপ্টেম্বর-০১ অক্টোবর, ২০২৫ সময়ে কানাডার টরেন্টোতে Apparel Textile Sourcing Canada (ATSC) 2025 শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২৯ সেপ্টেম্বর হতে ০১ অক্টোবর, ২০২৫ সময়ে কানাডার টরেন্টোতে Apparel Textile Sourcing Canada (ATSC)-2025 শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। Apparel, Textile পণ্যের জন্য আলোচ্য মেলাটি একটি আদর্শ প্ল্যাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মেলার নাম | : | Apparel Textile Sourcing Canada Trade Show 2025 |
| মেলার সময়কাল | : | 29 September-01 October , 2025 |
| মেলার ভেন্যু | : | The International Centre, Mississauga, ON, Canada |
| বুথ টাইপ | : | Shell Scheme Packaged Booth |
| প্রদর্শণী পণ্য | : | Apparel, Textile |
| বুথ ভাড়া | : | US$ ৬,৭৫০ (ছয় হাজার সাতশত পঞ্চাশ মার্কিন ডলার) বাংলাদেশি টাকা ৮,৪৩,৭৫০.০০ (আট লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত পঞ্চাশ)মাত্র। |
| | | কর্ণার বুথ ফি মূল বুথ ভাড়ার অতিরিক্ত US$ ৩০০ (তিনশত মার্কিন ডলার) বাংলাদেশি টাকা ৩৭,৫০০.০০ (সাঁইত্রিশ হাজার পাঁচশত) মাত্র। |

০২। মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে বুথ মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত মেট্রিক্স-এ উল্লেখিত হারে ভর্তুকি প্রদান করা হবেঃ

**(I) তৈরী পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | "ক" | ৩০% |
| ০২ | ০৫-১০ | "খ" | ৪০% |
| ০৩ | ০৫-নতুন রপ্তানিকারক | "গ" | ৫০% |

**(II) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০৩ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | "খ" | ৫০% |

**(III) বিশেষ খাতঃ**

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

(IV) বায়িং হাউজ প্রতিষ্ঠানসমূহকে (BGBA এর সদস্যভুক্ত) প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানি আদেশ প্রাপ্তি ও রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (রপ্তানিকারক প্রতিষ্ঠান) থেকে প্রমাণকসহ প্রত্যয়ন দাখিল সাপেক্ষে বুথ মূল্যের উপর সর্বোচ্চ ৪০% ভর্তুকি প্রদান করা হয়ে থাকে।

স্মর্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি রপ্তানি উন্নয়ন ব্যুরো-এর অনুকূলে পে-অর্ডারসহ যাবতীয় সকল ডকুমেন্টস আগামী ৩০ .০৭.২০২৫. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে (অংশগ্রহণকারী প্রতিনিধির জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ইআরসি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্যপদের সত্যায়িত সনদপত্রসহ) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, মেলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদির জন্য জনাব মোঃ এনামুল হক (মেলা ও প্রদর্শনী বিভাগ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। (ফোন নম্বর : ০১৭৪৩-৮৬৫৩৩৩)

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরো কোনরূপ দায়- দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য হবে না। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

22.07.25

(মোঃ শফিকুল ইসলাম)
উপ-পরিচালক (মেলা)

CamScanner

**বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

| | |
|---|---|
| ১. | High Commission for the People's Republic of Bangladesh Ottawa, Canada, E-mail: mission.ottawa@mofa.gov.bd |
| ২. | Consulate General of Bangladesh Toronto, Canada, E-mail: mission.toronto@mofa.gov.bd |
| ৩. | Canada Bangladesh Chamber of Commerce Industry, Head office: Concord Tower, Suite 504 (5th Floor), 113 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1000, Email: info@canchambangladesh.org |
| ৪. | Bangladesh Business Chamber of Canada (BBCC) , Suite 400,1940 Eglinton Ave E, Scarborough, ON M1L 4R1, Canada ,Email: contact@bangladeshchamber.co |
| ৫. | Canada- Bangladesh Chamber of Commerce Toronto (CBCC), 206 Bloor St W, Suite 1, Toronto, ON M5S 1T8, Canada Email: presidentofcbcc@gmail.com |
| ৬. | সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd |
| ৭. | সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com |
| ৮. | প্রশাসক, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ৬০, মতিঝিল বা/এ, ঢাকা। টেলি: ২২৩৩৮১৪৭০। ই-মেইল: president@fbcci.org, info@fbcci.org, secretariat@fbcci.org,presidentofcbcc@gmail.com |
| ৯. | সভাপতি,বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: btma2@yahoo.com |
| ১০. | President, Bangladesh Buying House Association (BGBA), House #06, Road 10, Sector # 15/C-1, (Near north metro rail sation), Uttara, Dhaka, Email: info@bgbabd.org |
| ১১. | সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথইষ্ট কর্নার),ঢাকা-১০০০। E-mail: bttla@aitlbd.net |
| ১২. | সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টাস এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আর্তাতুক এভিনিউ, ইরেক্টরস হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: blmea@banglamall.net, info@lfmeab.org |
| ১৩. | সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ই-মেইল: bfllfea58@yahoo.com |
| ১৪. | প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)। |

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। নির্বাহী সহকারি টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।

CamScanner